

২.৪ মোবাইল ডিভাইস সুরক্ষা চেকলিস্ট

- আপনার মোবাইল ফোনটিকে অসাবধনতাবশতঃ কোথাও ফেলে যাবেন না। কারণ এখন অনেক আধুনিক ডিভাইস আছে যা মিনিটেই আপনার সিম কার্ডটিকে ক্লোন করতে সক্ষম।
- আপনার মোবাইল ফোনটিকে সবসময় পাসওয়ার্ড বা পিন নম্বর দিয়ে লক করে রাখুন। এটি আপনার ফোনের ও ডেটা সুরক্ষার প্রাথমিক ব্যবস্থা।
- আপনার মোবাইল ফোনটিকে এনক্রিপ্ট করুন। এতে আপনার ফোনটি হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলেও আপনি আপনার ডেটা সুরক্ষা নিয়ে নিশ্চিত থাকতে পারবেন বা বেশ কিছু সময় পাবেন আপনার ডেটা সুরক্ষার জন্য।
- ফোনের অপারেটিং সিস্টেম সবসময় আপ টু ডেট রাখুন। কারণ ফোন প্রস্তুতকারী সংস্থাগুলি নিয়মিত নিরাপত্তা জনিত কারণে অপারেটিং সিস্টেম সফটওয়্যারকে আপডেট করে থাকে।
- ফোন কল বা মেসেজ পাঠাতে সুরক্ষিত পদ্ধতি ব্যবহার করুন।
- অ্যাপ ইন্সটল এর বেলায় সতর্ক থাকুন। কোন অপরিচিত সাইট থেকে অ্যাপলিকেশন ডাউনলোড বা ইন্সটল না করাই ভালো। একান্ত করতে হলে মোবাইল ডিভাইস কোম্পানি অনুমোদিত সাইট থেকে তা ডাউনলোড ও ইন্সটল করুন।
- মোবাইল ফোনে অপরিচিত ই-মেইল বা মেইল অ্যাটাচমেন্ট খোলা পরিহার করুন। বিভিন্ন কারণে আপনার ফোনটি আপনার কম্পিউটার ডিভাইস থেকে বেশি নিরাপত্তা ঝুঁকিতে থাকে।
- অ্যাপলিকেশন ইন্সটল এর সময় সেগুলি কি ধরনের ডেটা এক্সেস করছে সেই দিকে নজর রাখুন। (যেমন আপনি কোন ফটো ফিল্টার ইন্সটল করছেন সে অ্যাপলিকেশন যদি আপনার কন্টাক্ট লিস্ট বা লোকেশন সম্পর্কিত ডেটা এক্সেস করতে চায় তবে তা না দেয়াই ভালো)।
- ফোনের ক্ল-টুথ, এনএফএস এবং ওয়াইফাই টেখার (ইন্টারনেট হটস্পট) ব্যবহার সম্পর্কে সজাগ থাকুন। কারণ এই সকল কানেকশন এর মাধ্যমে হ্যাকাররা আপনার মোবাইল ডিভাইস এর সাথে সহজেই যোগাযোগ স্থাপন করতে পারে।
- লোকেশন সার্ভিস ব্যবহারে সাবধানতা অবলম্বন করা উচিত। কারণ এই সার্ভিসটি কার্যকরী থাকলে আপনার সুনির্দিষ্ট অবস্থান বের করা অন্যদের জন্য সহজ হয়ে যায়।
- একান্ত গোপনীয় আলাপ আলোচনার সময় নিরাপত্তার জন্য মোবাইল ডিভাইস বন্ধ করে রাখা। সম্ভব হলে ডিভাইস সাথে না রাখা বা এর ব্যাটারি খুলে ফেলা। কারণ আপনার ডিভাইস যদি কোন স্পাইওয়্যার দিয়ে আক্রান্ত থাকে, তা মোবাইল ডিভাইসকে ব্যবহার করে আপনার গোপনীয় আলোচনার অডিও, ছবি, ভিডিও ইত্যাদি ধারণ করে তা অন্যত্র প্রেরণে সক্ষম।
- ইন্টারনেট সুরক্ষার প্রাথমিক নিয়ম মেনে ওয়েব সাইট ব্রাউজ করা। এতে করে আপনার ফোনটি অযাচিত নিরাপত্তা ঝুঁকির হাত থেকে রক্ষা পাবে।

এছাড়া, মাঝেমাঝে আপনার ডিভাইসটির কিছু জিনিসের দিকে লক্ষ রাখতে হবে:

- ফোনটি যখন ব্যবহার করছেন না তখন সে কি নিজ থেকেই অতিরিক্ত ইন্টারনেট ব্যবহার করছে কিনা!
- ফোনটি বন্ধ থাকা অবস্থায় ব্যাটারি ব্যবহার করছে কিনা! অথবা
- ফোনটি মাত্রারিক্ত গরম হয়ে যাচ্ছে কিনা! (ব্যবহৃত বা অব্যবহৃত অবস্থায়)! ইত্যাদি।

এগুলি সাধারণত এই ইঙ্গিত দেয় যে আপনার মোবাইল ফোনটি কোন ধরনের ভাইরাস বা স্পাইওয়্যার দ্বারা আক্রান্ত। আপনি কোন এন্টিভাইরাস প্রোগ্রাম ব্যবহার করে বা ফোনটিকে ফ্যাক্টরি রিসেট করে এ থেকে মুক্তি পেতে পারেন।